



# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫

e-mail: dcc1989@dcc.edu.bd Web: www.dcc.edu.bd

স্মারক নং:

তারিখ: ২৩শে শ্রাবণ ১৪২৬ ব.

৭ই আগস্ট ২০১৯ খ্রি.

## অফিস আদেশ

যাতে কেউ ডেঙ্গু আক্রান্ত না হতে পারে সে জন্য ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নিমিত্তে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পবিত্র ঈদ-উল-আযহার ছুটিকালীন ২৫শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/৯ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে ৬ই ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/২১শে আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত নিম্নলিখিত ক্রিনারগণ তাদের নামের পাশে উল্লিখিত তারিখসমূহে দায়িত্ব পালন করবে:

ক্রমিক	নাম	পদবী	দায়িত্ব পালনের তারিখসমূহ	স্বাক্ষর
১.	১. বেগম কুলসুম বিবি ২. জনাব লিটন চন্দ্র দাস ৩. মিস্টার জেকুব ৪. জনাব আব্দুর রহমান	ক্রিনার	২৫শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৯ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে ২৮ শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/১২ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ	
২.	১. জনাব মোঃ আলাউদ্দিন ২. জনাব মোঃ আলমগীর হোসেন	ক্রিনার	২৯শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/১৩ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে ৩১শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/১৫ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ	
৩.	১. জনাব মোঃ সবুজ হোসেন ২. জনাব মোঃ কেফায়েতুল্লাহ	ক্রিনার	১লা ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/১৬ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে ৩রা ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/১৮ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ	
৪.	১. বেগম মাহমুদা খাতুন ২. জনাব আব্দুল আজিজ	ক্রিনার	৪ঠা ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/১৯শে আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে ৬ই ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/২১ শে আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ	

## তদারকি করবেন

ক্রমিক	নাম	পদবী	দায়িত্ব পালনের তারিখসমূহ	স্বাক্ষর
১.	জনাব অমল বাড়ি	টেকনিশিয়ান	২৫শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৯ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে ২৮ শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/১২ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ	
২.	জনাব মোঃ শহীদুল ইসলাম	লিফট অপারেটর	২৯শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/১৩ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে ৩১শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/১৫ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ	
৩.	জনাব মোঃ জাকির হোসেন	লিফট অপারেটর	১লা ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/১৬ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে ৩রা ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/১৮ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ	
৪.	জনাব মোঃ কবির হোসেন	ইলেকট্রিশিয়ান কাম-পিয়ন	৪ঠা ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/১৯শে আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে ৬ই ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/২১ শে আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ	

সার্বিক তত্ত্বাবধান : ১. জনাব মোঃ ফখরুল আলম, সুপারভাইজর (২৫শে শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ/০৯ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে

১লা ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/১৬ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ)

২. জনাব মোঃ আব্দুল মালেক, স্টোরকিপার (২রা ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/১৭ই আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ হতে

৬ই ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/২১ আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ

দায়িত্ব : সংযুক্ত মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী।

বিষয়টি অতীব জরুরী।

*Handwritten signature and date ০৭.০৮.১৯*

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ

স্বাক্ষরিত/স্বাক্ষর  
০০/০০/০০

স্বাক্ষরিত/স্বাক্ষর  
০০/০০/০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৪২

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
০৬ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

### পরিপত্র

চলমান ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ সকল প্রকার কার্যক্রম অব্যাহত রেখেছে। এর ধারাবাহিকতায় দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ডেঙ্গু প্রতিরোধের জন্য সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছে। পবিত্র ঈদ-উল আযহার সরকারি ছুটি উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠান ১২ দিন বন্ধ থাকবে। স্বভাবতই এ সময়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক-কর্মচারীগণ উপস্থিত থাকবেন না। এ সময়ে খেলার মাঠ, ফুলের টব, পানি জমে এমন যে কোন পাত্রে এডিস মশার প্রজনন প্রক্রিয়া আরও বেগবান হয়ে উঠতে পারে। এতে সরকার কর্তৃক গৃহীত ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম ক্ষতিগ্রস্ত ও ডেঙ্গুর আরও বিস্তার হওয়ার আশঙ্কা রয়েছে।

২.০ এমতাবস্থায়, পবিত্র ঈদ-উল আযহার ছুটিকালে এডিস মশার প্রজনন রোধে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

- ২.১। ঈদ-উল-আযহার ছুটির সময় একজন শিক্ষক এর নেতৃত্বে কর্মচারী, কাউন্স, বি.এন.সি.সি. এবং শিক্ষার্থী সমন্বয়ে ৬ জন থেকে ১০ জনের টিম গঠন করে শিক্ষা প্রতিষ্ঠান এবং এর আশেপাশে যে সব জায়গায় স্বচ্ছ পানি জমার সম্ভাবনা থাকে (যেমন: ফুলের টব, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসির পানি জমার ট্রে, বাথরুমের পানির বদনা, পানির বালতি, হাইকমোড, আইসক্রিম বক্স, প্লাস্টিক বক্স, ডাবের খোসা, টায়ার ইত্যাদি) সে সব জায়গা চিহ্নিত করে ০১ দিন অন্তর অন্তর পরিষ্কার করতে হবে।
- ২.২। বাথরুমের বদনা এবং বালতি পানি শূন্য করে উল্লিখে রাখতে হবে। হাইকমোডে হারপিক ঢেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে। বাথরুমের প্যানে হারপিক ঢেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ করে রাখতে হবে।
- ২.৩। কোন জায়গায় জমাটবদ্ধ পানি থাকলে লার্ভিসাইড স্প্রে করতে হবে অথবা জমাটবদ্ধ পানি নিষ্কাশন করতে হবে।
- ২.৪। আগামী ১২-১৩ আগস্ট, ২০১৯ ব্যতীত প্রত্যহ শিক্ষা প্রতিষ্ঠানের অফিস কক্ষ খোলা রাখতে হবে।
- ২.৫। রোস্টার ডিউটির মাধ্যমে প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ২.৬। ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রমে সিটি কর্পোরেশন/পৌরসভার এ সংক্রান্ত টিমে নিয়োজিত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের কেউ ঈদের ছুটিতে গেলে তদন্তে উপযুক্ত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগ নিশ্চিত করতে হবে।

স্বাক্ষরিত/-

তারিখ: ০৬/০৮/২০১৯

(মো. মোহরার হোসাইন)

সিনিয়র সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৪২

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
০৬ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।